**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 07-06-24** **Desk in Charge :**

**Time : 7-50 PM** **Compiling :**

**Morning /Day /Evening National/ Regional/ General**

**Opening Announcement** – আকাশবাণী / খবর পড়ছি –

## বিশেষ বিশেষ খবর –

১/ নরেন্দ্র মোদী আগামী রবিবার, তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী পদে শপথ নিতে চলেছেন।

২/ লোকসভা ভোটে নব নির্বাচিত সাংসদদের নিয়ে তৃণমূল কংগ্রেস আগামীকাল বৈঠকে বসতে চলেছে।

৩/ ভোটের ফল ঘোষণার পর রাজ্যের বিভিন্ন জেলায় আরো অশান্তির খবর মিলেছে। # বীরভূমের সাহাপুরে ভোট পরবর্তী হিংসায় ধৃত আট তৃণমূল কংগ্রেস কর্মী।

৪/ কলকাতায় বাংলাদেশের সাংসদ আনোয়ারুল আজিমের খুনের ঘটনায় আরেক অভিযুক্ত সিয়ামকে কাঠমান্ডুতে গ্রেফতার করেছে নেপাল পুলিশ। সিআইডি, তাকে কলকাতায় আনার তোড়জোড় শুরু করেছে।

৫/ শিয়ালদা স্টেশনের ১ থেকে ৫ নম্বর প্ল্যাটফর্মে সংস্কারের কাজ চলায় মেন ও বনগাঁ শাখায় ট্রেন চলাচলা নিয়ন্ত্রণ করা হচ্ছে। এর জেরে চরম দুর্ভোগে পড়েছেন নিত্য যাত্রীরা।

৬/ দক্ষিণবঙ্গে ঘর্মাক্ত গরমে হাঁসফাঁস করছে মানুষ। আবহাওয়া দপ্তর, বিভিন্ন জেলায় তাপ প্রবাহের পূর্বাভাস দিয়েছে।

*****************************************************************

শীর্ষ বিজেপি নেতা নরেন্দ্র মোদী, আগামী রবিবার ৯ ই জুন তৃতীয়বারের জন্যে প্রধানমন্ত্রী পদে শপথ নেবেন। রাষ্ট্রপতি ভবনে এই শপথ গ্রহণ অনুষ্ঠান হবে সন্ধে ৬ টায় । রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, নরেন্দ্র মোদী ও তাঁর মন্ত্রিসভার অন্য সদস্যদের শপথ বাক্য পাঠ করাবেন।

কেন্দ্রীয় মন্ত্রী প্রহ্লাদ যোশী আজ নতুন দিল্লিতে NDA সংসদীয় দলের বৈঠকের পর সাংবাদিকদের এ'কথা জানান।

( উল্লেখ্য, জওহরলাল নেহেরুর পর নরেন্দ্র মোদী হবেন পরপর তিনবার প্রধানমন্ত্রী পদে আসীন দ্বিতীয় ব্যক্তি। )

এর আগে NDA সংসদীয় দল নরেন্দ্র মোদীকে সর্বসম্মতভাবে তাঁদের নেতা নির্বাচিত করে। নতুন দিল্লিতে আজ সংসদীয় দলের বৈঠকে প্রবীণ বিজেপি নেতা রাজনাথ সিং এই মর্মে একটি প্রস্তাব উত্থাপন করেন। NDA শরিক দলের সমস্ত নেতাই তাঁকে সমর্থন জানান। রাজনাথ সিং, নরেন্দ্র মোদীকেই এই পদের জন্য সবচেয়ে যোগ্য ব্যক্তি হিসেবে অভিহিত করেন।

পরে নরেন্দ্র মোদী বলেন, NDA এমন কোনো দলের জোট নয়, যারা ক্ষমতার জন্য একসঙ্গে হয়েছে। এই জোটের উদ্দেশ্য হল দেশের স্বার্থকে অগ্রাধিকার দিয়ে ঐক্যবদ্ধ হয়ে কাজ করা। ভারতের ইতিহাসে NDA-কে সবচেয়ে সফল জোট হিসাবে অভিহিত করে শ্রী মোদী বলেন, দেশের মানুষ আরো একবার NDA-কে সরকার গঠনের সুযোগ দিয়েছে, সেজন্য তিনি তাঁদের ধন্যবাদ জানান।

(বাইট- মোদী)

নতুন NDA সরকার, সুপ্রশাসন, উন্নয়ন, সাধারণ মানুষের জীবনে ন্যূনতম হস্তক্ষেপ সহ বিভিন্ন বিষয়ে অগ্রাধিকার দেবে বলে তিনি জানান। গত ১০ বছরে NDA যে দেশকে সাফল্যের নতুন দিগন্তে পৌছে দিয়েছে, সেকথাও উল্লেখ করেন তিনি।

লোকসভা নির্বাচনে নব নির্বাচিত সাংসদ, দুই বিধানসভা উপনির্বাচনে জয়ী বিধায়ক এবং পরাজিত প্রার্থীদের নিয়ে তৃণমূল কংগ্রেস আগামীকাল এক বৈঠকে

বসতে চলেছে। দলনেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে কালীঘাটে তাঁর বাসভবনে এই বৈঠক হবে। দলের রাজ্যসভার সাংসদদেরও এতে আমন্ত্রণ জানানো হয়েছে।

নব নির্বাচিত সাংসদদের শুভেচ্ছা জানানোর পাশাপাশি, INDIA জোটে থেকে আগামী দিনে তাঁদের ভূমিকা কি হবে, সেই নিয়ে বৈঠকে আলোচনা হ ওয়ার সম্ভাবনা। এছাড়া, যে সমস্ত আসনে প্রার্থীরা পরাজিত হয়েছেন, তার কারণ'ও খতিয়ে দেখা হবে বলে মনে করা হচ্ছে।

**এদিকে**, বিরোধী INDIA জোট কেন্দ্রে একটি তৃতীয় ফ্রন্ট তৈরির জন্যে উদ্যোগী হয়েছে। জোটের অন্যতম সঙ্গী তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজও টেলিফোনে, দিল্লিতে অভিষেক ব্যানার্জি এবং জোটের বিভিন্ন শরিক নেতাদের সঙ্গে কথা বলেন।

দলীয় সূত্রে জানা গিয়েছে, তৃতীয় ফ্রন্ট তৈরির কথা মাথায় রেখে জোটের তরফে JDU নেতা নীতিশ কুমার ও TDP এন চন্দ্রবাবু নাইডুর সঙ্গেও কথা হয়েছে ।

******************

রাজ্যের বিভিন্ন জেলা থেকে আজ'ও ভোট পরবর্তী হিংসা ও অশান্তির খবর মিলেছে।

বীরভূমের সাহাপুরের গতকাল ভোট পরবর্তী হিংসার জেরে ৮ তৃণমূল কর্মীকে গ্রেফতার করল সদাইপুর থানার পুলিশ।

গতকাল তৃণমূল কংগ্রেসের বিজয় মিছিল থেকে ঢিল ছাড়া হয় ও বেশ কয়েকটি বাড়িতে ভাঙচুর চালানো হয় সাহাপুর গ্রামে। আক্রান্ত হয় বিজেপির বুথ সভাপতি ভাই ও বাবা, দুজন বিজেপি কর্মী। আজ তাদের সিউড়ি আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেওয়া হয়।

এছাড়াও আরো ৫০ জনের নামে অভিযোগ দায়ের করা হয়েছে থানায় বিজেপির পক্ষ থেকে।

বীরভূমের বোলপুর লোকসভার সাত্তোর গ্রাম পঞ্চায়েতে তৃণমূলের বিজয় মিছিলে ক্যামেরার সামনে বোমা বাঁধার ভিডিও করার দৃশ্য সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে। ( তৃণমূল কংগ্রেস প্রার্থী অসিত মালের জয়লাভের পরই বিভিন্ন জায়গায় বোমা ফাটানো হচ্ছে বলে অভিযোগ। )

অন্যদিকে, বাঁকুড়ার কোতুলপুরের মাধবগঞ্জ বাজারে বিজেপি কর্মী পিন্টু মন্ডলের দোকানে ভাঙচুর এবং মারধোরের অভিযোগ উঠেছে শাসক দলের কর্মীদের বিরুদ্ধে। তবে তৃণমূলের পক্ষ থেকে অভিযোগ অস্বীকার করে একে বিজেপির গোষ্ঠীকোন্দলের ফল বলে জানানো হয়েছে।

কোচবিহারের তুফানগঞ্জ বিধানসভার অন্দারণ ফুলবাড়ী গ্রাম পঞ্চায়েতের ১৮৮ নম্বর বুথের সরকারি পানীয় জলের কল তুলে নিয়ে যাওয়ার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বুথ সভাপতির বিরুদ্ধে। ঘটনায় এক বিজেপি কর্মীকে মারধর'ও করা হয়।

জেলার তুফানগঞ্জ-এর দেওচড়াই সন্তোষপুর এলাকায় বিজেপি কর্মীদের বাড়ি ভাঙচুরের অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে। তবে, অভিযোগ অস্বীকার তৃণমূলের।

অন্যদিকে, ভোট পরবর্তী হিংসার অভিযোগ জানাতে, বিজেপির এক প্রতিনিধি দল আজ জেলা পুলিশ সুপারের কাছে এক স্মারকলিপি জমা দিতে যান। সুপার না থাকায় তা' দেওয়া হয় অতিরিক্ত পুলিশ সুপারের কাছে। দলে ছিলেন জেলা বিজেপি সভাপতি বিধায়ক সুকুমার রায়, মালতী রাভা রায়, নিখিল রঞ্জন দে বর্মন প্রমুখ।

অন্যদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী, ভোট গণনার পর রাজ্য জুড়ে সন্ত্রাস চলেছে বলে অভিযোগ করে, তার নিন্দা করেছেন। বহরমপুরে আজ তিনি সাংবাদিকদের বলেন, তাঁদের দলের কর্মী ও ভোটদাতাদের ওপর শাসক দল বিভিন্ন অত্যাচার চালাচ্ছে। তৃণমূল কংগ্রেস মুর্শিদাবাদে ধর্মীয় বিভাজন করে ভোটারদের বিভ্রান্ত করেছে। সে কারণেই তিনি পরাজিত হয়েছেন বলে পাঁচবারের কংগ্রেস সাংসদ সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন।

******************

লোকসভা নির্বাচনে কোচবিহারে নিশীথ প্রামাণিকের পরাজয়ের পর বিজেপি পরিচালিত ভেটাগুড়ি দুই গ্রাম পঞ্চায়েতের উপপ্রধানসহ ন'জন পঞ্চায়েত সদস্য তৃণমূল কংগ্রেসে যোগদান করেছেন। নির্বাচনে জয়ী তৃণমূল কংগ্রেসের জগদীশ বর্মা বাশুনিয়া আজ তাঁদের হাতে দলীয় পতাকা তুলে দেন। ১৮ আসন বিশিষ্ট এই গ্রাম পঞ্চায়েতে আগেই ৬'জন তৃণমূল সদস্য ছিলেন। এই ৯'জন বিজেপি সদস্য যোগ দেওয়ায় এই সংখ্যা দাঁড়ালো- ১৫। অন্যদিকে বিজেপির সংখ্যা দাঁড়ালো-৩ ।
তবে, বিজেপি প্রধান এখনও তৃণমূলে যোগ দেননি।
বিজেপির দাবি, ভয় দেখিয়ে পঞ্চায়েত সদস্যদের যোগদান করানো হয়েছে।

অন্যদিকে, সিতাই বিধানসভার মাতালহাট গ্রাম পঞ্চায়েত'ও বিজেপির হাতছাড়া হল। প্রধান সহ ১৫ জন বিজেপি সদস্যের প্রত্যকেই তৃণমূলে যোগদান করলেন। গত পঞ্চায়েত নির্বাচনে ২২ আসন বিশিষ্ট এই গ্রাম পঞ্চায়েতে বিজেপি ১৫ টি এবং তৃণমূল কংগ্রেস ৭'টি আসন দখল করেছিল।

উল্লেখ্য, এর আগে শীতলকুচির নয়ারহাট গ্রাম পঞ্চায়েত প্রধান তৃণমূলে যোগদান করায় সেই গ্রাম পঞ্চায়েত দখল নেয় তৃণমূল কংগ্রেস ।

বর্তমানে জেলায় ২৪ টি গ্রাম পঞ্চায়েত বিজেপির দখলে।

******************

নির্বাচন কমিশন , লোকসভা ভোটের পর রাজ্যের বিধায়ক-শূন্য ১০'টি বিধানসভা আসনে উপনির্বাচনের উদ্যোগ নিচ্ছে। মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে, কমিশনের পক্ষ থেকে মুখবন্ধ খামে ভোটের দিনক্ষণ জানিয়ে সুপ্রিম কোর্টে একটি প্রস্তাব জমা দেওয়া হয়েছে।

উল্লেখ্য, এবারের লোকসভা ভোটে বেশ কিছু বিধায়ক প্রার্থী হওয়ায় দক্ষিণবঙ্গের বনগাঁ, রানাঘাট, মেদিনীপুর, নৈহাটি, হাড়োয়া, তালড্যাংরা এবং উত্তরবঙ্গের রায়গঞ্জ, মাদারিহাট ও সিতাই- এই ৯'টি আসন শূন্য হয়।

অন্যদিকে বছর দুয়েক আগে বিধায়ক সাধন পান্ডের মৃত্যুতে কলকাতার মানিকতলা আসনটি'ও শূন্য হয়। ছয় মাসের মধ্যে শূন্য আসনে ভোট করানোর কথা থাকলেও আইনি জটিলতায় এখনও তা' করানো সম্ভব হয়নি।

******************

কলকাতায় বাংলাদেশের সাংসদ আনোয়ারুল আজিমের খুনের ঘটনায় আরেক অভিযুক্ত সিয়ামকে কাঠমান্ডুতে গ্রেফতার করেছে নেপাল পুলিশ। সিআইডি, তাকে কলকাতায় আনার তোড়জোড় শুরু করেছে।

মূল অভিযুক্ত আখতারুজ্জামান ওরফে শাহিন এখন'ও অধরা। আমেরিকার নাগরিক শাহীনকে নিজেদের হেফাজতে নেওয়ার জন্য মার্কিন প্রশাসনের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে বলেও CID সূত্রে জানা গেছে। শাহিনের অন্যতম প্রধান সহযোগী সিয়াম, কসাই জিহাদকে নিয়ে কয়েক মাস ধরে চিনার পার্কে ফ্ল্যাটেই ছিল বলে জানা গেছে। জিহাদ অবশ্য এখন সিআইডি হেফাজতে।

উল্লেখ্য, নিউটাউনের ফ্ল্যাটে ঝিনাইদহের সাংসদ আনোয়ারুলকে খুন করার পর দেহ টুকরো টুকরো করে লোপাট করা হয় বলে অভিযোগ। সেই দেহাংশ এখনও খুঁজে পাওয়া যায়নি।

*****************

বরানগরের বাড়ি থেকে নিখোঁজ ব্যবসায়ী বিজয় দে-র মৃতদেহ আলমবাজার ঘাট থেকে উদ্ধার হয়েছে। দিন দুয়েক আগে তিনি বাড়ি থেকে বেড়োনোর পর আর খোঁজ মেলেনি। পরিবারের লোকজন থানায় নিখোঁজ ডায়রি করেন। জলপুলিশ গতরাতে BSF ক্যাম্পের কাছে ওই ঘাট থেকে দেহটি উদ্ধার করে।

মৃতদেহটি ময়না তদন্তে পাঠানো হয়েছে। তিনি আত্মহত্যা করেছেন বলে পুলিশের প্রাথমিক অনুমান।

*****************

**শিয়ালদা স্টেশনের ১ থেকে ৫ নম্বর প্ল্যাটফর্মে সংস্কারের কাজ চলায় গত মধ্য রাত থেকে শিয়ালদা মেন ও বনগাঁ শাখায় ট্রেন চলাচলা নিয়ন্ত্রণ করা হচ্ছে। এর জেরে চরম দুর্ভোগে পড়েছেন নিত্য যাত্রীরা।**

**একটি প্রতিবেদন-** ( ভিসি- অভিরূপ )

শিয়ালদার DRM, যাত্রীদের সুবিধার্থে আগামীকাল ও রবিবার বিভিন্ন জায়গা থেকে বাস পরিষেবা দেওয়ার জন্য অনুরোধ জানিয়েছেন। রেলের এই অনুরোধে পশ্চিমবঙ্গ পরিবহণ নিগম ইতিমধ্যেই **বিশেষ বাস পরিষেবা** চালু করেছে। ব্যারাকপুর স্টেশন থেকে টিটাগড়, খড়দা, পানিহাটী, রথতলা হয়ে ডানলপ এবং দমদম সেন্ট্রাল জেল থেকে, নাগের বাজার, শ্যামনগর, লেকটাউন ক্রসিং, পাতিপুকুর হয়ে বেলগাছিয়া মেট্রো স্টেশন পর্যন্ত **৯-ই জুন পর্যন্ত** এই পরিষেবা মিলবে।

*****************

দক্ষিণবঙ্গে ঘর্মাক্ত গরমে হাঁসফাঁস করছে মানুষ। উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টি হলেও, দক্ষিণবঙ্গে বর্ষা আসতে এখনও দেরি আছে বলে আবহাওয়া দপ্তর সূত্রের খবর। স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘ থেকে অবশ্য বিভিন্ন জায়গায় বিক্ষিপ্ত বৃষ্টি হচ্ছে।

আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন, আগামী দু-তিনদিনে তাপমাত্রা আরো বাড়বে। দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় তাপপ্রবাহের'ও সম্ভাবনা রয়েছে।

(বাইট- ওয়েদার সোমনাথ )

******************

আজ বিশ্ব খাদ্য সুরক্ষা দিবস। এবারের মূল ভাবনা- খাদ্য নিরাপত্তা। এই উপলক্ষে পুরসভার স্বাস্থ্য বিভাগের খাদ্য নিরাপত্তা বিষয়ক পরিদর্শকরা শহরে আজ কলকাতায় অভিযান চালান।

*****************************************************************